

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৫০.১৭-৮৩

তারিখঃ ১২/০৬/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ Complaint/attention regarding Tender package No-GDS-01(Lot No-01)  
(Establishment of Multimedia Classroom in 653 Madrasahs of the Country)  
issued through memo No-মামি/ক্রাশরুম/2018/25 published on May 03, 2018 of the  
NEWAGE.**

সূত্রঃ Core Knowledge Limited এর ৩১/০৫/২০১৮ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আদর্শ দরপত্র দলিল, PG-3 এর Section 1 (Instructions to Tenderer) অপরিবর্তনীয় বিধায় এর কোন Clause পরিবর্তন/পরিবর্ধন/সম্পাদনের সুযোগ নেই। সূত্রস্থ পত্রের ভাষ্য অনুযায়ী Tender Data Sheet এ পূরণযোগ্য শর্তাবলী ITT তে অন্তর্ভুক্ত হয়ে থাকলে সেটি উপর্যুক্ত বিধানের শর্তের বিচ্যুতি বলে গণ্য হবে।


০২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-২৯(৩) অনুযায়ী কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক বা পণ্যের ব্যবসায়িক নাম, উৎপাদনকারীর নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করা যাবে না। তবে বিধি-২৯(৪) এর সংস্থান অনুযায়ী বিনির্দেশের সাধারণরূপ প্রস্তুতক্রমে তা' দরদাতাদের নিকট সহজে বোধগম্য করে উপস্থাপনের ক্ষেত্রে ক্রয়কারীর পর্যাপ্ত কারিগরি দক্ষতা না থাকলে সুনির্দিষ্ট ব্রান্ডের পণ্যের বিবরণ উল্লেখ করা যায়, তবে এ ক্ষেত্রে উল্লিখিত পণ্যের নামের পরে “বা একইরূপ বা সমতুল্য” শব্দসমূহের সংযোজন আবশ্যিক।

০৩। বিবেচ্য পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে, কোন নির্দিষ্ট ক্রয়ের প্রয়োজনে ক্রয়কারী বিধি-৪(১১) অনুযায়ী দরপত্র উপাত্ত শীটে (Tender Data Sheet) প্রয়োজনীয় পরিবর্তন বা সংযোজন করতে পারে, তবে তা' ক্রয় আইন ও বিধিমালার সংগে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এ ছাড়া বিধি-৪৮(৩) অনুযায়ী কোন নির্দিষ্ট ক্রয়ের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনাক্রমে ক্রয়কারী দরপত্র দলিলে দরদাতার আবশ্যিকীয় যোগ্যতা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবে, তবে তা' পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর প্রস্তাবনায় বিধৃত “সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতার” ধারনার সংগে সাংঘর্ষিক হবে না।

০৪। উল্লেখ্য, বিধি-৪৯(১)(ক)(উ) অনুযায়ী ক্রয়কারী ক্রয়ের জন্য নির্ধারিত পণ্যের নমুনা দাখিলের শর্ত দরপত্র দলিলে উল্লেখ করতে পারে।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

Executive Officer  
Core Knowledge Limited  
13, Bir Uttam A.K. Khandokar Sarak  
Motijheel, C/A, Dhaka-1212.

  
20/6/18  
(মোসাম্মা হাবিব)  
উপ-পরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপিঃ (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।